১২৬

দৈনিক ইত্তেফাক

তারিখ MAR 16 1999
পৃষ্ঠা ৭ কলাম ৩

## পিএসপি প্রশ্নপত্রে কেন এত ভুলের ছড়াছড়ি?

গত ০৫-০২-৯৯ তারিখে অনুষ্ঠিত হল যুব উন্নয়ন অধিদপ্তরের 'সহকারী পরিচালক' পদে পরীক্ষা। উক্ত পরীক্ষা গ্রহণ করেছে পিএসসি। কিন্তু দুঃখের বিষয়, প্রশ্নপত্রে বরাবরের মত এবারও একাধিক প্রশ্নে ভুল পরিলক্ষিত হয়। যেমন সেট নম্বর ৩ এর ২৫ নং দাগে একটি প্রশ্ন ছিল— ১৯৯৭ সালে বিশ্ব পরিবেশ উন্নয়নের লক্ষ্যে জাতিসংঘের ধরিত্রী সম্মেলন কোথায় অনুষ্ঠিত হইয়াছিল? উত্তরে দেওয়া আছে— (ক) কুইটো (খ) ওয়েলিংটন (গ) অসলো (ঘ) রিওডি জেনিরোতে। প্রকৃতপক্ষে, ১৯৯৭ সালে উক্ত শহগুলোর একটিতেও জাতিসংঘের কোন ধরিত্রী সম্মেলন হয়নি। ধরিত্রী সম্মেলন +৫ হয়েছিল জাতিসংঘের সদর দপ্তরে অর্থাৎ নিউইয়র্ক সিটিতে আর কুইটোতে হয়েছিল আবহাওয়া সম্মেলন। আমার মতে এটি হবে ১৯৯৭ স্থলে ১৯৯২ সালে, সেক্ষেত্রেও উত্তর ৪টির মধ্যে রিওডি জেনিরো হবে সঠিক উত্তর। প্রদত্ত প্রশ্নটি অবশ্যই ভুল। প্রশ্নের ৪৪ নং দাগে আছে রেফ্রিজারেটরের কম্প্রেসারের মধ্যে যে তরল পদার্থ ব্যবহার করা হয় তার নাম— (ক) জিওফ্রট (খ) কিওন (গ) অক্সিজেন (ঘ) নিয়ন। আসলে এখানে একটিও সঠিক উত্তর নেই। সঠিক উত্তর হবে ফ্রেয়ন। পিএসসি'র উচিত ছিল প্রশ্নপত্রের ১০ নং প্রশ্নের মত কোনটিই সঠিক নয় এমন অপসান রাখা। যেমন ১০ নং প্রশ্নে আছে বাংলাদেশের সমুদ্র উপকূলের দৈর্ঘ্য— (ক) ৪৩০ মাইল (খ) ৩৯৭ মাইল (গ) ৫৬২ মাইল (ঘ) কোনটিই সঠিক নয়। এখানে উত্তর হবে "কোনটিই সঠিক নয়"। কারণ, বাংলাদেশের সমুদ্র উপকূলের দৈর্ঘ্য প্রকৃত পক্ষে ৪৫০ মাইল বা ৭২৪ কিলোমিটার। এখানে ছাত্ররা "কোনটিই সঠিক নয়" উত্তরে টিক দিয়েছে। তাহলে রেফ্রিজারেটরের ক্ষেত্রে কেন এই রকম রাখা হয়নি? ৬৪ নং প্রশ্নে পরিবেশের কোন দূষণের ফলে প্রধানত উচ্চ রক্তচাপ হতে পারে? উত্তরে আছে— (ক) পানি দূষণ (খ) মাটি দূষণ (গ) বায়ু দূষণ (ঘ) শব্দ দূষণ। উত্তর বায়ু দূষণ ও শব্দ দূষণ ২টিই হয়। জানি না, পিএসসি কোনটি সঠিক ধরেছে। প্রশ্নের ৮৫ নং দাগে আছে Choose the best answer ক, খ, গ, ঘ— He has been working --- for a month. উত্তরে আছে (ক) for (খ) since (গ) within (ঘ) about. এখন যদি বলা হয় He has been working <u>for</u> for a month তাহলে সেটা হয় না, working <u>since</u> হয় না working <u>within</u> হয় না, working <u>about</u> হয় না। আসলে আমার ধারণা প্রশ্নটা হবে He has been working ---- a month. সেক্ষেত্রে for appropriate. পিএসসি'র MCQ পদ্ধতিতে যদি ১০০ নম্বরের প্রশ্নে ৪/৫টি ভুল প্রশ্ন দেয়া হয় তাহলে বেকারদের আর আশ্রয় কোথায়? এই সমস্ত পরীক্ষা যেখানে চান্স পাওয়া না পাওয়ার জন্য ১/২টি প্রশ্নই যথেষ্ট সেখানে যদি ৪/৫টি এই রকম ভুল থাকে তাহলে সেক্ষেত্রে ভাগ্যের উপর নির্ভর করা ছাড়া আর উপায় কি? আমি এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

—আনোয়ার হোসেন,
২১৭, হাজী মুহাম্মদ মুহসীন হল,
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।